# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯০৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বংশগৌরব ও পক্ষপাতিত্ব

---

## আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «حُبُّكَ الشَّيْءَ يُعْمِي وَيُصِمُّ» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৯০৮-[১৬] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কোন কিছুর ভালোবাসা যেন তোমাকে অন্ধ ও বধির না করে ফেলে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৫১৩০, য‘ঈফাহ্ ১৮৬৮, য‘ঈফুল জামি‘ ২৬৮৮।

হাদীরটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘আবূ বকর’’ নামের বর্ণনাকারী সে য‘ঈফ। কারণ, তার মুখস্থশক্তি খারাপ হওয়ার কারণে উল্টাপাল্টা হয়ে যায়। এছাড়াও এর সানাদ নিয়েও মতভেদ আছে তা হলো কেউ একে মারফূ‘ বলেছেন, কেউ একে মাওকূফ বলেছেন। বিস্তারিত দিখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ১৮৬৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (حُبُّكَ الشَّيْءَ يُعْمِي وَيُصِمُّ) যখন কোন ব্যক্তি অপর কোন ব্যক্তি বা বস্তুকে ভালোবাসে, তখন ভাবাবেগে সে ঐ ব্যক্তি বা বস্তুর কোন দোষকেই দোষ বলে মনে করে না, যেন এ ব্যাপারে সে অন্ধ। অনুরূপভাবে সে উক্ত ব্যক্তি বা বস্তুর দোষ-ত্রুটির কথা শুনেও শোনে না, যেন এ ব্যাপারে সে বধির। এর কারণ হলো তার মনের মণিকোঠায় ভালোবাসার মানুষটিকে উঁচু স্থান দিয়েছে। (‘আওনুল মা‘বুদ ৮ম খন্ড, হাঃ ৫১২১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75632

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন